

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-১ শাখা।
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.১৭০.১৬.০১৬.১৩- ৯৪২


তারিখ: ০৫ মে, ২০১৩ খ্রি:

বিষয়: ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে নিয়োগের ক্ষেত্রে লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর বট্টন।

সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুসরণ করে ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে নিয়োগ প্রদান করা হয়। অধিকাংশ নিয়োগ বিধিমালায় লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর বট্টন করা নেই। কোন কোন নিয়োগ বিধিমালায় শুধুমাত্র লিখিত পরীক্ষার নম্বর নির্ধারিত রয়েছে। কলে যে ক্ষেত্রে নিয়োগ বিধিমালার নম্বর বট্টন করা থাকে না সে ক্ষেত্রে বিভিন্ন নিয়োগ/বাছাই কমিটি বিভিন্ন হারে লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর নির্ধারণ করে। ৪র্থ শ্রেণীর বিভিন্ন পদে কোন কোন নিয়োগ/বাছাই কমিটি শুধুমাত্র মৌখিক পরীক্ষা গ্রহণ করে, কোন কোন নিয়োগ/বাছাই কমিটি লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করে শূন্য পদে নিয়োগের সুপারিশ করে থাকে। অর্ধাং পরীক্ষা পদ্ধতি, লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর বট্টনের হারের মধ্যে বিভিন্ন প্রতিষ্ঠানের এমনকি একই প্রতিষ্ঠানে ডিপ্ল ডিপ্ল নিয়োগের ক্ষেত্রে ভারসাম্য বজায় থাকছে না।

০২। উপর্যুক্ত অবস্থায়, ৩য় ও ৪র্থ শ্রেণীর টেকনিক্যাল পদ ব্যতীত নন-টেকনিক্যাল সাধারণ প্রশাসনধর্মী পদের লিখিত ও মৌখিক পরীক্ষার মধ্যে ভারসাম্য রক্ষার জন্য একটি যৌক্তিক হার নির্ধারণের প্রয়োজনীয়তানুভূত হচ্ছে।

৩। বর্ণিতাবস্থায় সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, টেকনিক্যালধর্মী পদের ক্ষেত্রে ব্যতিত প্রশাসনধর্মী সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে নিয়োগের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় ৭০% ও মৌখিক পরীক্ষায় ৩০% নম্বর নির্ধারিত থাকবে। যে ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন/বিধিমালা/প্রবিধানমালায় সুনির্দিষ্টভাবে লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর নির্ধারিত রয়েছে সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এ সিদ্ধান্তের আলোকে উক্ত আইন/বিধিমালা/প্রবিধানমালায় প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করবে।


 (আবদুস সেতুবন্ধন সিকদার)
 সিনিয়র সচিব

বিতরণ: ৪

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব,

সকল মন্ত্রণালয়/বিভাগ।

- (তাঁর আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর/পরিদপ্তরকে অবহিত করিবার অনুরোধসহ)
- ৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএনএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
 - ৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম বিভাগ সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
 - ৬। অভিযন্ত্র সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়।
 - ৭। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও (প্রবর্তী গেজেটে প্রকাশের জন্য), ঢাকা।
 - ৮। সিনিয়র সিটেম এনালিষ্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।